

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ,
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮৩৮/১৮

Website: www.janatabank-bd.com

তারিখ : ২৭/০৯/২০১৮ খ্রীষ্টাব্দ
১২ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : ঢাকা বিশ্ববিদ্যালয়ের গার্হস্থ্য অর্থনীতি কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের সকল শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট-এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গার্হস্থ্য অর্থনীতি কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম আগামী ০১/১০/২০১৮ ইং তারিখ হতে শুরু হয়ে ১৫/১১/২০১৮ ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অবহিত করা হয়েছে। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে :-

- (ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল দিতে হবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে।
- (খ) আদায়কৃত ৫০০/- (পাঁচ শত) টাকার মধ্যে ৪৭০/- (চার শত সত্তর) টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ৩০/- (ত্রিশ) টাকার মধ্যে ২৫.৫০/- (পচিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা “আয় খাত বিবিধ” এবং ৪.৫০/- (চার টাকা পঞ্চাশ পয়সা) টাকা “ভ্যাট” হিসাবে সরকারী কোষাগারে জমা করতে হবে।
- (গ) আবেদনকারীর তথ্য JB Solution-এ Login করে University Admission System এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবে না।
- (ঘ) শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষ-কে বহন করতে হবে।
- (ঙ) **শাখা সমূহের করণীয় :** প্রতিটি শাখায় Applicant এর নিকট হতে ভর্তি ফি জমা গ্রহণের পর তা JB Solution-এ Login করে University Admission System-এ এন্ট্রি করতে হবে। দিন শেষে JB Solution-এ এন্ট্রিকৃত ফরম এর টাকার সমপরিমাণ অর্থের তিনটি ভাউচার জেনারেট হবে। উক্ত ভাউচার সমূহ ঐ দিনেই T₂₄ এবং Legacy সফটওয়্যারে পোস্টিং করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের গার্হস্থ্য অর্থনীতি কলেজ-এর নামে পরিচালিত হিসাব DU Admission-Home Economics, A/C No-0100146890436 এ জমা করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

চলমান পাতা-২




বিষয় : ঢাকা বিশ্ববিদ্যালয়ের গার্হস্থ্য অর্থনীতি কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের সকল শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট-এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।


পূর্ব পাতা পর :

- (চ) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখার করণীয় : শাখা সমূহে সংগৃহীত অর্থ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় জমা হওয়ার বিষয়টি নিশ্চিত করনের নিমিত্তে কার্যক্রম শেষে ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক ই-মেইল/পত্র মারফত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় একটি তথ্য বিবরণী (All information of Dhaka University HE Admission 2018-2019) প্রেরণ করা হবে। প্রেরিত তথ্যের ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখা সমুদয় টাকা “**DHAKA UNIVERSITY ADMISSION**” শিরোনামীয় **SND AC-0100003583354** হিসাবে স্থানান্তর করবে। এক্ষেত্রে ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে প্রেরিত তথ্য বিবরণীর (All information of Dhaka University HE Admission 2018-2019) ভিত্তিতে সমন্বয় কার্যক্রম সম্পন্ন করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখা কর্তৃক ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট-কে অবহিত করতে হবে।
- (ছ) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এর জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার (আইটি) (ফোন : ০২-৯৫১৫৩০৪, ৪৭১১৬০৭৩, ০১৫৫৬৩২৪৭২১, ই-মেইলঃ duadmission@janatabank-bd.com) এর সাথে যোগাযোগ করতে হবে।
- (জ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয় : বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস সমূহ তাদের আওতাধীন শাখা সমূহের সংগৃহীত তথ্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
- (ঝ) কোন শাখা হতে **University Admission System**-এ তথ্য প্রেরণে প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে প্রধান কার্যালয়ের আইসিটিডি (সিস্টেম) এর **JB Solution Support Cell**-এ টেলিফোন নম্বর ০২-৯৫১৪৩৮০-এ যোগাযোগ করতে হবে। এতদ্বিষয়ে প্রযুক্তিগত যে কোন সমস্যায় আইসিটিডি (সিস্টেম) এর **JB Solution Support Cell**-কে তাৎক্ষণিক **Support** প্রদান নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গার্হস্থ্য অর্থনীতি কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন পত্রের ফি ব্যাংকের সকল শাখায় আগামী ০১/১০/২০১৮ ইং তারিখ হতে শুরু হয়ে ১৫/১১/২০১৮ ইং তারিখ পর্যন্ত জমা গ্রহণ সহ আবেদনকারীর তথ্য **JB Solution**-এ **Login** করে এর আওতাধীন **University Admission System** এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য এফআরডি হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটিডি (সিস্টেম) সহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আবদুর রউফ)
উপ মহাব্যবস্থাপক


(মোঃ মাহবুবুর রহমান)
মহাব্যবস্থাপক